

জুলাই 13, 2017

চেয়ারম্যান/ এমডি ও সিইও
তপশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আরআরবি ও ক্ষুদ্র ফিনান্স ব্যাঙ্ক সহ)

মহাশয়া/ মাননীয় মহাশয়,

এফএলসি (আর্থিক সাক্ষরতা কেন্দ্র) এবং গ্রামীণ শাখার মাধ্যমে আর্থিক সাক্ষরতা- তহবিল সংস্থানের সীমা, দৃশ্য-শ্রাব্য বিষয়বস্তু এবং হ্যান্ড হেল্ড প্রোজেক্টরের সুবিধা সম্পর্কিত সংশোধন(রিভিশন)

অনুগ্রহ করে এফএলসি এবং ব্যাঙ্কের গ্রামীণ শাখার জন্য প্রযোজ্য নির্দেশিকাগুলির উপর নীতি-সমীক্ষা (পলিসি-রিভিউ) সংক্রান্ত আমাদের **মার্চ 2, 2017 তারিখাঙ্কিত সারকুলার FIDD.FLC.BC.No.22/12.01.018/2016-17** দেখুন। উক্ত সারকুলার অনুসারে, ব্যাঙ্কগুলিকে আদেশ করা হয়েছিল যে এফএলসি এবং গ্রামীণ শাখাগুলি আর্থিক অন্তর্ভুক্তিকরণ তহবিল থেকে আর্থিক সাক্ষরতা শিবির বাবদ ব্যয়ের 60% পর্যন্ত শিবির-প্রতি সর্বাধিক ₹ 15,000/- এর সাপেক্ষে তহবিল সহায়তা পাওয়ার যোগ্য।

2. একটি সমীক্ষার ভিত্তিতে, ব্যাঙ্কগুলির নিকট লভ্য উক্ত তহবিল সহায়তা সংশোধন করে এফআইএফ উপদেষ্টা পর্যদ “শিবির বাবদ ব্যয়ের 60% পর্যন্ত শিবির-প্রতি সর্বাধিক ₹ 5,000/- এর সাপেক্ষে” স্থির করেছে। তহবিল সংক্রান্ত বিশদের জন্য, ব্যাঙ্কসমূহ নার্বার্ড কর্তৃক জারিকৃত মে 4, 2017 তারিখাঙ্কিত সারকুলার নং. 107/DFIBT-24/2017 দেখবেন।

3. দৃশ্য শ্রাব্য বিষয়বস্তু এবং হ্যান্ডহেল্ড প্রোজেক্টরের সুবিধা : আর্থিক সাক্ষরতা শিবিরের কার্যকারীতা বৃদ্ধির লক্ষ্যে এফএলসি এবং ব্যাঙ্কের গ্রামীণ শাখাগুলিকে হ্যান্ড হেল্ড প্রোজেক্টর ব্যবহারের জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে আর্থিক সচেতনতা বার্তা সম্পর্কিত দৃশ্য-শ্রাব্য বিষয়বস্তু এবং পোস্টারসমূহ প্রদর্শন করা যায়। হ্যান্ড হেল্ড প্রোজেক্টর এবং স্পিকারের জন্য তহবিল সংস্থান করা হবে এফআইএফ থেকে, হ্যান্ড হেল্ড প্রোজেক্টর এবং পোর্টেবল স্পিকারের ক্ষয় খাতে ব্যয় হওয়া মূল্যরাশির(উভয় প্রকার যন্ত্রাদির জন্য একত্রভাবে) 50% পর্যন্ত গ্রামীণ শাখা/ এফএলসি প্রতি সর্বাধিক ₹ 5000 রাশির সাপেক্ষে, খরচ পরবর্তী ঘাটতি পূরণ ব্যবস্থার (রিইমবার্সমেন্ট) ভিত্তিতে। তহবিল সংস্থান সম্পর্কিত বিশদের জন্য, ব্যাঙ্কসমূহ নার্বার্ড থেকে জারিকৃত মে 4, 2017 তারিখাঙ্কিত সারকুলার নং. 105/DFIBT-22/2017 দেখবেন।

4. অধিকন্তু, আর্থিক ক্ষেত্রে থাকা নিয়ন্ত্রকদের সহায়তায় ন্যাশনাল সেন্টার ফর ফিন্যান্সিয়াল এডুকেশন (এনসিএফই) আরবিআই কর্তৃক প্রদত্ত আর্থিক সচেতনতা বার্তাগুলির উপর একটি [দৃশ্য শ্রাব্য বিষয়বস্তু](#) প্রস্তুত করেছে। [প্রথম দৃশ্য শ্রাব্য বিষয়বস্তু](#)টির ব্যাপ্তির মধ্যে আসবে বুনয়াদী আর্থিক সচেতনতা বার্তাসমূহ যেমন কেওয়াইসি বিধির অধীনে ঠিকানার প্রমান সম্পর্কিত স্বঘোষণা, বিজনেস করেস্পন্ডেন্টের ব্যবহার, ইলেক্ট্রনিক অর্থপ্রদান ব্যবস্থা এনইএফটি/ আরটিজিএস এবং সন্দেহজনক ই-মেল/ দূরভাষ-বার্তা এবং পঞ্জি ক্ষিমের শিকার না হওয়া। [দ্বিতীয় দৃশ্য শ্রাব্য বিষয়বস্তু](#)টি ব্যাখ্যা করে বিএইচআইএম-এর মাধ্যমে ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস ব্যবহারের প্রক্রিয়া এবং [তৃতীয় দৃশ্য শ্রাব্য বিষয়বস্তু](#)টি ব্যাখ্যা করে বিভিন্ন পন্থায় ডিজিটাল ব্যবস্থা এবং নগদবিহীনতার দিকে গমনের পদ্ধতি। এফএলসি এবং গ্রামীণ শাখাগুলিকে বলা হয়েছে দৃশ্য-শ্রাব্য বিষয়বস্তুগুলিকে আর্থিক সাক্ষরতা শিবিরগুলি পরিচালনার সময় ব্যবহার করতে।

আপনার বিশ্বস্ত,

(উমা শঙ্কর)

ভারপ্রাপ্ত মুখ্য মহা প্রবন্ধক